দৈনিক বাংলা

তারিখ ... 21 MAR 1990
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

37

**জামালপুরের স্কুলে ডবল শিফট চাই:**

সম্প্রতি সরকার ঘোষণা করেছেন দেশের ৬২টি জেলার সরকারী স্কুল-গুলোতে ডবল শিফট চালু করা হবে এবং ঢাকায় আরো ১৩টি নতুন স্কুল স্থাপন করা হচ্ছে। শিক্ষাক্ষেত্রে ভর্তি সমস্যা নিরসনে নিঃসন্দেহে এটা সরকারের এক শুভ পদক্ষেপ। এ প্রসঙ্গে উল্লেখ্য যে ভর্তি সমস্যা দেশের যে কোন এলাকার মতোই জামালপুর জেলায়ও অত্যন্ত প্রকট। বস্তুতঃ জেলার একটি মাত্র সরকারী উচ্চ বালক বিদ্যালয় এবং একটি মাত্র উচ্চ বালিকা বিদ্যালয়ে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের চাপ স্বভাবতই অত্যধিক এবং ফলে প্রতি বছর অনেক ছাত্র-ছাত্রীই এগুলিতে ভর্তির সুযোগ পায় না তাই এই জামালপুরে ছাত্রভর্তি সমস্যার কথাটাও সমান গুরুত্ব দিয়ে সরকারকে ভাবতে হবে এবং জেলার সরকারী হাই স্কুল দুটিতে ডবল শিফট চালুসহ আরো একটি নতুন হাই স্কুল স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। এ ব্যাপারে সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের আশু দৃষ্টি আকর্ষণ করছি।

সুকান্ত সাহা
সরিষাবাড়ী টাউন
জামালপুর